



“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
মাদ্রাসা শাখা-১  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)

নং-৫৭.০০.০০০০.০৭৫.০১৮.১৮.১৭-১৭১

তারিখঃ

০৩ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ  
১৮ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০২১ সালে জেডিসি ও দাখিল পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফরমপূরণসহ প্রতিষ্ঠানের অনলাইন অন্যান্য কার্যক্রম চালু করার নিমিত্ত পদক্ষেপ গ্রহণ।

সূত্রঃ (ক) মাননীয় ডেপুটি স্পিকার এর ডি.ও. পত্র নং-১১.০০.০০০০.০২০.০২.০৩৭.২০-১৩৯, তারিখ-০৪/১১/২০২০খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সাঘাটা উপজেলাধীন চকদাত্তেয়া দাখিল মাদ্রাসার সুপার কর্তৃক স্বাক্ষরিত একটি পত্র সূত্র বর্ণিত (ক) স্মারকের মাধ্যমে সচিব, টিএমইডি এর বরাবর প্রস্তাব প্রেরণের করা হয়েছে।

ক. তার নির্বাচনী এলাকা(৩৩-গাইবান্ধা-৫) গাইবান্ধা জেলার সাঘাটা উপজেলাধীন চকদাত্তেয়া দাখিল মাদ্রাসার সুপার কর্তৃক স্বাক্ষরিত একটি প্রেরণ করা হয়েছে।

খ. মাদ্রাসাটি ১৯৯৯খ্রি. সালে প্রতিষ্ঠিত হয় এবং ২০০৩ সালে দাখিল ৯ম শ্রেণি খোলার অনুমতি লাভ করে ২০০৭ সাল পর্যন্ত দাখিল পরীক্ষায় অংশগ্রহণ করে।


গ. ২০০৮ সালে প্রাকৃতিক দুর্যোগ ও বন্যায় প্রতিষ্ঠানটি ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হওয়ার ফলে প্রতিষ্ঠানটির সকল কার্যক্রম বন্ধ হয়ে যায়। দীর্ঘ ১১ বছর পর ২০১৮ সালে তিনি এবং এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ কর্তৃক পুনরায় প্রতিষ্ঠানটির শিক্ষা কার্যক্রম চালু করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ঘ. তৎপ্রেক্ষিতে ২০১৮ সাল থেকে প্রতিষ্ঠানটির শিক্ষা কার্যক্রম অত্যন্ত সূচারুভাবে পরিচালিত হচ্ছে। কিন্তু প্রতিষ্ঠানটির অনলাইন কার্যক্রম বন্ধ থাকায় জেডিসি ও দাখিল পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফরমপূরণসহ অন্যান্য কার্যক্রম দারুনভাবে ব্যবহৃত হচ্ছে। এহেন অবস্থায় প্রতিষ্ঠানটিতে পুনরায় অনলাইন কার্যক্রম চালু করা একান্ত প্রয়োজন।

ঙ. তার নির্বাচনী এলাকা গাইবান্ধা জেলার সাঘাটা উপজেলাধীন চকদাত্তেয়া দাখিল মাদ্রাসার ২০২১ সালের জেডিসি ও দাখিল পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফরমপূরণসহ প্রতিষ্ঠানটির অন্যান্য কার্যক্রম পরিচালনা করার নিমিত্ত জরুরি ভিত্তিতে অনলাইন কার্যক্রম চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ডিওপত্রে অনুরোধ জানানো হয়েছে।

০২। এমতাবস্থায়, গাইবান্ধা জেলার সাঘাটা উপজেলাধীন চকদাত্তেয়া দাখিল মাদ্রাসার ২০২১ সালের জেডিসি ও দাখিল পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফরমপূরণসহ প্রতিষ্ঠানটির অন্যান্য কার্যক্রম পরিচালনা এবং অনলাইন কার্যক্রম চালু করার বিষয়ে (ডি.ও পত্রের অনুরোধ মতে) প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণপূর্বক গৃহীত কার্যক্রমের তথ্য (প্রমানকসহ) আগামি ৩০.১১.২০ খ্রি: এর মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ডি.ও. পত্রের কপি ০১ (এক) ফর্দ।

  
(সৈয়দ আসগর আলী)  
সহকারী সচিব (মাদ্রাসা-১)  
ফোনঃ ৯৫৭৭৪২৪

চেয়ারম্যান  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড  
বখশিবাজার, ঢাকা।

#### অনুলিপিঃ

১. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)
৩. অতিরিক্ত সচিব (মাদ্রাসা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. অফিস কপি/মাস্টার কপি।